

উচ্চশিক্ষা

সরকারি আলিয়া মাদ্রাসায় সংঘর্ষ, দুটি হল অনির্দিষ্টকাল বন্ধ

নিজস্ব প্রতিবেদক ঢাকা



রাজধানীর বকশি বাজারে অবস্থিত সরকারি মাদ্রাসা-ই-আলিয়ার দুটি আবাসিক হল অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। ২৯ সেপ্টেম্বরের বিজ্ঞপ্তিটি আজ রোববার সরকারি মাদ্রাসা-ই-আলিয়ার [ওয়েবসাইটে](#) প্রকাশ করা হয়েছে।

আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে সরকারি মাদ্রাসা-ই-আলিয়া শাখা ছাত্রলীগের দুই পক্ষের মধ্য সংঘর্ষের ঘটনার পরই এ সিদ্ধান্তের কথা জানানো হলো।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সরকারি মাদ্রাসা-ই-আলিয়ার আল্লামাহ কাশগরী (রহ.) হল ও শহীদ ইব্রাহিম হল অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হলো। গত ২৯ সেপ্টেম্বর (শুক্রবার) হলে উদ্ভূত অনাকাঙ্ক্ষিত ঘটনার পরিপ্রেক্ষিতে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক বন্ধ ঘোষণা করা হয়েছে। একই সঙ্গে হলে অবস্থান করা সব শিক্ষার্থীদের হল ত্যাগ করার নির্দেশনাও দেওয়া হয়।

 প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন

